

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
ন্যাশনাল ডিজাস্টার রেসপন্স কো-অর্ডিনেশন সেন্টার (NDRCC)
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং ৫১.০০.০০০০.৪২৩.৪০.০০৪.২০১৬-৩৯৮

তারিখঃ ১০/১২/২০১৬
সময়ঃ বিকাল ৪.০০টা

বিষয়ঃ দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।

আবহাওয়ার বিশেষ বিজ্ঞপ্তি ক্রমিক নম্বর ০৯ (নয়),

দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় 'ভারদাহ' সামান্য পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে প্রবল ঘূর্ণিঝড়ে পরিণত হয়েছে এবং একই এলাকায় (১২.৫° উত্তর অক্ষাংশ এবং ৮৯.২° পূর্ব দ্রাঘিমাংশ) অবস্থান করছে। এটি আজ সকাল ০৬ টায় (১০ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ) চট্টগ্রাম সমুদ্রবন্দর থেকে ১১১৫ কিঃ মিঃ দক্ষিণে, কক্সবাজার সমুদ্রবন্দর থেকে ১০৪০ কিঃ মিঃ দক্ষিণে, মংলা সমুদ্রবন্দর থেকে ১১০৫ কিঃ মিঃ দক্ষিণে এবং পায়রা সমুদ্র বন্দর থেকে ১০৬০ কিঃ মিঃ দক্ষিণে অবস্থান করছিল। এটি আরও ঘনীভূত হয়ে পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হতে পারে।

ঘূর্ণিঝড় কেন্দ্রের ৬৪ কিঃ মিঃ এর মধ্যে বাতাসের একটানা সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ৯০ কিঃ মিঃ যা দম্কা অথবা ঝড়ো হাওয়ার আকারে ১১৫ কিঃ মিঃ পর্যন্ত বৃদ্ধি পাচ্ছে। ঘূর্ণিঝড় কেন্দ্রের নিকটবর্তী এলাকায় সাগর খুবই উত্তাল রয়েছে।

চট্টগ্রাম, কক্সবাজার, মংলা ও পায়রা সমুদ্র বন্দর সমূহকে ০২ (দুই) নম্বর (পুনঃ) ০২ (দুই) নম্বর দূরবর্তী হুঁশিয়ারী সংকেত দেখিয়ে যেতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগর ও গভীর সাগরে অবস্থানরত সকল মাছ ধরার নৌকা ও ট্রলারকে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে। সেই সাথে তাদেরকে গভীর সাগরে বিচরণ না করতে বলা হয়েছে।

নদীবন্দর সমূহের জন্য সতর্ক সংকেতঃ দেশের নদী বন্দরসমূহের জন্য কোন সতর্ক সংকেত নেই।

পূর্বাভাসঃ অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ সারাদেশের আবহাওয়া শুষ্ক থাকতে পারে। শেষরাত থেকে সকাল পর্যন্ত দেশের নদী অববাহিকার কোথাও কোথাও মাঝারী থেকে ঘন কুয়াশা এবং দেশের অন্যত্র হাল্কা থেকে মাঝারী ধরনের কুয়াশা পড়তে পারে।

তাপমাত্রাঃ রাতের তাপমাত্রা দেশের উত্তরাঞ্চলে সামান্য হ্রাস পেতে পারে এবং দেশের অন্যত্র প্রায় অপরিবর্তিত থাকতে পারে। সারাদেশে দিনের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

গত ২৪ ঘন্টায় বিভাগওয়ারী দেশের সর্বোচ্চ এবং সর্বনিম্ন তাপমাত্রা নিম্নরূপঃ

বিভাগের নাম	ঢাকা	ময়মনসিংহ	চট্টগ্রাম	সিলেট	রাজশাহী	রংপুর	খুলনা	বরিশাল
সর্বোচ্চ তাপমাত্রা	২৮.৭	২৮.২	৩০.৫	৩০.২	২৪.৪	২৮.০	২৭.০	৩০.৪
সর্বনিম্ন তাপমাত্রা	১৩.০	১৪.৫	১০.৫	১১.২	১০.৭	১০.৪	১১.৪	১৫.২

- দেশের সর্বোচ্চ তাপমাত্রা ছিল সীতাকুন্ড, টেকনাফ ৩০.৫° সে. এবং সর্বনিম্ন তাপমাত্রা ছিল তেঁতুলিয়া ১০.৪° সে।

০২। **অগ্নিকাণ্ডঃ** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স এর নিয়ন্ত্রণ কক্ষের ডিউটি অফিসার জানান, আজ কোথাও থেকে উল্লেখযোগ্য কোন অগ্নিকাণ্ডের খবর পাওয়া যায় নাই।

দুর্যোগ পরিস্থিতি মনিটরিং করার জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের NDRCC (জাতীয় দুর্যোগ সাড়াদান সমন্বয় কেন্দ্র) ২৪ ঘন্টা (৭X২৪) খোলা রয়েছে। দুর্যোগ সংক্রান্ত যে কোন তথ্য আদান-প্রদানের জন্য NDRCC'র নিম্নবর্ণিত টেলিফোন/ ফ্যাক্স/ email নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা যাচ্ছেঃ NDRCC'র টেলিফোন নম্বরঃ ৯৫৪৫১১৫, ৯৫৪০৪৫৪, ৯৫৪৯১১৬; ফ্যাক্স নম্বরঃ ৯৫৪০৫৬৭, ৯৫৪৯১৪৮, ৯৫৭৫০০০।

Email: ndrcc@modmr.gov.bd/ ndrcc.modmr@gmail.com

মোবাইল নম্বরঃ অতিরিক্ত সচিব (দুব্য) ০১৯৩৭-১৬৩৫৮২, উপ সচিব (এনডিআরসিসি) ৯৫৪৬৬৬৩/ ৯৫৪৫১১৫/ ০১৫৩৬২৩৯২৬০

(জি,এম আব্দুল কাদের)
উপ-সচিব(এনডিআরসিসি)
ফোনঃ ৯৫৪৫১১৫

সদয় অবগতি / প্রয়োজনীয় কার্যার্থেঃ (জ্যেষ্ঠতা /পদ মর্যদার ক্রমানুসারে নয়)

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৩। সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৪। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৫। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৬। মহা-পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন/ ত্রাণ/দুব্য), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ০৮। মহা-পরিচালক (অতিরিক্ত সচিব), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী, ঢাকা।
- ০৯। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ১০। প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১১। মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১২। যুগ্ম সচিব (প্রশাঃ/বাজেট/দুব্যক-১/দুব্যক-২/সমন্বয় ও সংসদ/ত্রাণ প্রশাসন/আইন সেল/দুব্যপ্রঃ), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১৩। পরিচালক-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ১৪। উপ-সচিব (সেবা/দুব্যক-১/দুব্যক-২/প্রশাঃ/প্রশিক্ষণ/বাজেট/অডিট/ত্রাণ প্রশাঃ/ত্রাণ-১/ত্রাণ-২)/উপ-প্রধান(পরি), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১৫। সিস্টেম এনালিস্ট, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। প্রতিবেদনটি ওয়েব সাইটে প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো।
- ১৬। সিনিয়র তথ্য কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
- ১৭। মন্ত্রীর সহকারী একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।